

# রাজনীতিতে শুভ লক্ষণ

## প্রাণচঞ্চল শিক্ষাজন

আজিজুল পারভেজ ▶  
রাজনৈতিক অঙ্গনের উত্তাপ কমে আসায় যদি ফিরেছে শিক্ষা ক্ষেত্রে। পুরোনো চলাছে শিক্ষা কার্যক্রম। শিক্ষার্থীদের সুখর পদচারণে প্রাণচঞ্চল হয়ে উঠেছে প্রতিটি শিক্ষাপ্রতিষ্ঠান। প্রাথমিক, মাধ্যমিক ও কলেজ পর্যায়ে নিরবচ্ছিন্নভাবে চলছে ক্লাস ও শিক্ষাসহায়ক কার্যক্রম। উর্ডি কার্যক্রম পিছিয়ে পড়া বিশ্ববিদ্যালয়গুলোও উর্ডি পরীক্ষার সৃষ্টি ঘোষণা করেছে। সব মিলিয়ে দেশের প্রায় সাড়ে চার কোটি শিক্ষার্থী, তাদের অভিভাবক ও শিক্ষাসংক্রান্ত ব্যক্তির হৃদয় নিঃশ্বাস ফেলছেন। বিগত বছরটি ছিল শিক্ষার্থীদের জন্য দুঃস্বপ্নের। শিক্ষা কার্যক্রম পড়ে গিয়েছিল হুমকির মাখে। যুগ্মপরাধীদের বিচার প্রতিহত ▶▶ পৃষ্ঠা ১৩ ক. ৫

## প্রাণচঞ্চল শিক্ষাজন

▶▶ প্রথম পৃষ্ঠার পর  
করতে জামায়াত-শিবিরের হরতাল ও ধর্মসাহ্যক কার্যক্রম নির্দেশীয় নির্বাচনের দাবি ও সবাবশে মশন জাতীয় সম্মেলন নির্বাচন প্রতিহত করতে কিনেপিসহ বিরোধী দলের লাগাতার হরতাল-অবরোধের কারণ লওডও হয়ে গিয়েছিল শিক্ষাপতি। বাহত হয় শিক্ষার্থীদের ক্লাস, পরীক্ষা ও উর্ডি কার্যক্রম। প্রাথমিক শিক্ষা সমাপনী, জেএসসি, এনএসসি ও এইচএসসির মতো পাবলিক পরীক্ষাও সময়মতো অনুষ্ঠিত হতে পারেনি হরতাল-অবরোধের কারণে। অপূরণীয় ক্ষতির নিকার হয় শিক্ষা খাত। এ অবস্থা পেরিয়ে বর্তমানে একটি হঠকর অবস্থা বিরাজ করছে।  
রাজধানীর বটমলি হোম বালিকা উচ্চ বিদ্যালয়ে গড়কাল মঙ্গলবার সরেজমিনে দেখা গেছে বিশাল মাঠজুড়ে শিক্ষার্থীরা বেতে আছে নানারকম খেলা আর কুস্তি-গানের চর্চায়। এ বিদ্যালয়ের একজন শিক্ষার্থীর অভিভাবক নাসরিন সুলতানা বলেন, 'ক্যাম্পাসজুড়ে শিক্ষার্থীদের এই উচ্ছল উপস্থিতি ফিরেছে অনেক দিন পর। গত বছর যে পরিস্থিতি গেছে তা আমরা ভুল বেতে চাই। এমন পরিস্থিতি যেন আর ফিরে না আসে, সেই আবেদন জনাই রাজনৈতিক দায়িত্বের প্রতি।'  
মাধ্যমিক বিদ্যালয়গুলোয় চলছে এসএসসি পরীক্ষার প্রস্তুতি। এই পরীক্ষা শুরু হবে ২ ফেব্রুয়ারি। বিধ ইজতেমার কারণে একাধিক পরীক্ষা পেছানো হয়েছে। তবে আপাতত রাজনৈতিক কর্মসূচির কারণে না হলেও উপজেলা পরিষদ নির্বাচন এই পরীক্ষার সময়কালে পড়ে যাওয়ায় সর্বশেষ এলাকার পরীক্ষার্থীর ক্ষতির সম্মুখীন হতে পারে বলে আশঙ্কা করা হচ্ছে।  
মতিঝিল আইডিয়াল স্কুলের অধ্যক্ষ ড. রাহান আরা বেগম বলেন, 'গত বছর পাবলিক পরীক্ষা ছাড়াও বার্ষিক পরীক্ষা প্রচণ্ডভাবে বাধাগ্রস্ত হয়েছে। দুটো দিনে সে পরীক্ষা নিতে হয়েছে। অনেক চাপ গেছে শিক্ষক-শিক্ষার্থীদের ওপর দিয়ে। এ অবস্থা যেন আর ফিরে না আসে নেটাই চাইব সবার কাছে।'  
গত নাওফর-দিনের মাসে লাগাতার হরতাল-অবরোধের কারণে ২মটি পাবলিক বিশ্ববিদ্যালয়ের ১৫টিতে ২০১৩-১৪ শিক্ষাবর্ষের

স্নাতক শ্রেণীর উর্ডি কার্যক্রম বাহত হয়। দেশের প্রতিষ্ঠানেও শুরু হয়েছে উর্ডির কার্যক্রম। এই মাখে পট্টাখানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এবং কুষ্টিয়ার ইসলামী বিশ্ববিদ্যালয় উর্ডি কার্যক্রম সম্পন্ন করেছে। উর্ডির সৃষ্টি ঘোষণা করেছে জগন্নাথ বিশ্ববিদ্যালয়, পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, রোকেয়া বিশ্ববিদ্যালয়, গের বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, নেত্রাখানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এবং রাজশাহী বিশ্ববিদ্যালয়। এ মাসের মাঝেই তাদের উর্ডি পরীক্ষা সম্পন্ন হওয়ার কথা। ফুলনা বিশ্ববিদ্যালয়ের উর্ডি পরীক্ষা হবে ফেব্রুয়ারির শেষ সপ্তাহে। জাতীয় বিশ্ববিদ্যালয়ও বিগত বছরের ক্ষতি পূরণে ওটার উদ্যোগ নিয়েছে। এই বিশ্ববিদ্যালয়ের আওতায় অনার্ন ও মাস্টার্স পর্যায়ে সারা বছরই কোনো না কোনো পরীক্ষা থাকে। কিন্তু গত তিন মাস কোনো পরীক্ষা হতে পারেনি। ফলে সেগনরট আরো প্রকট হয়েছে।  
জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক বদরুজ্জামান কাদের কঠককে বলেন, 'হরতাল-অবরোধের কারণে শিক্ষার্থীদের যে ক্ষতি হয়েছে তা পুরোপুরি কাটিয়ে উঠতে সময় লাগবে। তার পরও আমরা 'ক্ষতি কমিয়ে আনার চেষ্টা করছি।' তিনি জানান, আগামী ফেব্রুয়ারি মাসে বিএ পরীক্ষা আয়োজনের উদ্যোগ নেওয়া হয়েছে। এরপর শুরু হবে অনার্ন দ্বিতীয় বর্ষের পরীক্ষা। কিছু পরীক্ষা এগিয়ে এনে কম সময়ের মাখে ফল ঘোষণার চিন্তা আছে। এ জন্য এক দিনে একাধিক পরীক্ষা নেওয়া হতে পারে।  
শিক্ষাদানে স্বাভাবিক কার্যক্রম শুরু হওয়ায় যদি প্রকাশ করেছেন শিক্ষার্থী মুকুল ইসলাম নাহিদ। উল্লিখ্যতে যেকোনো কর্মসূচি দেওয়ার আগে শিক্ষার্থীদের স্বার্থের বিষয়টি বিবেচনায় নিতে তিনি রাজনৈতিক নেতাদের প্রতি অনুরোধ জানান। কাদের কঠককে তিনি বলেন, শিক্ষার্থীরা জাতির সম্পদ। রাজনৈতিক কর্মসূচির কারণে এদের যে ক্ষতি হয় তা পূরণে নেওয়া কখনোই সম্ভব নয়। তাই উল্লিখ্যৎ প্রসঙ্গের ক্ষতি হয় এমন কোনো কর্মসূচি কখনোই নেওয়া উচিত হবে না।